

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ২৬/০৮/২০২১ তারিখের ৬২৭(৮)/৩য়-১৮/সংস্থাপন স্মারকে গঠিত “অভিযোগ প্রতিকার ব্যবস্থা” (G.R.S) কার্যক্রম পরিচালনা কমিটি” অত্র শিক্ষা বোর্ডের অভিযোগ প্রতিকার ও ব্যবস্থা (G.R.S) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যদের নিয়ে অদ্য ০৪/১০/২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় শিক্ষা বোর্ডের উপ পরিচালক (হি: নি:), জনাব মো: বাদশা হোসেন এর অফিস কক্ষে ৪৬ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত করেন শিক্ষা বোর্ডের সম্মানিত উপ পরিচালক (হি: নি:) জনাব মো: বাদশা হোসেন। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রঃনং	নাম ও পদবী	আস্তর
১.	জনাব হোসেন আরা আরজু, উপ-বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	ফোকাল পয়েন্ট ০৪/১০/২০২২
২.	জনাব মো: নেসার উদ্দীন আহমদ উপ সচিব (প্রশাসন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	বিকল্প ফোকাল পয়েন্ট সদস্য ০৫/১০/২০২২
৩.	জনাব মো: জাহিদুর রহিম, উপ পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য ০৬/১০/২০২২
৪.	জনাব মো: আজাহার আলী, প্রশাসনিক কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য ০৭/১০/২০২২

আলোচ্য বিষয়-১ : অভিযোগ প্রতিকার ব্যবস্থার অভিযোগ নিষ্পত্তি প্রসঙ্গে আলোচনা।

সিদ্ধান্ত-১ : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর অভিযোগ কর্মকর্তা (অনিক) জুলাই/২০২২ মাস হতে সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত GRS পক্ষতিতে অনলাইনে দায়েরকৃত মোট ৩৬ (ছত্রিশ) টি অভিযোগের মধ্যে ৩ (তিনি)টি আপিলকৃত (যা আপিল কর্মকর্তার নিকট রয়েছে, অত্র বোর্ডের অনিকের কিছু করণীয় নাই)। এমতাবস্থায় অনিক মোট ৩৬-৩=৩৩টি অভিযোগের মধ্যে ২টি অন্য দপ্তরে প্রেরণ সহ মোট ২৬টি নিষ্পত্তি করেছেন। অবশিষ্ট ০৭টি অভিযোগ নিষ্পত্তিকরণের প্রক্রিয়া চলমান রয়েছে। উক্ত ৭ (সাত)টি অভিযোগসহ পরবর্তীর্তে দাখিলকৃত সকল অভিযোগ যথা সময়ে নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলোচ্য বিষয়-২ : প্রশিক্ষনের বিষয় সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-২ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষন বিষয়ে বিশদ আলোচনা শেষে এই সিদ্ধান্ত গ্রন্তি করা হয় যে আগামী অক্টোবর-২০২২ মাসের ২২ তারিখ শনিবার সকাল ০৯ টা হতে দিন ব্যাপি প্রশিক্ষনের জন্য অত্র বোর্ডের মোট ২০ (বিশ) জন প্রশিক্ষনার্থীর নামের তালিকা করা হওয়াজন।

প্রশিক্ষনার্থী ২০ (বিশ) জনের চূড়ান্ত তালিকা প্রনয়নের জন্য বোর্ডের সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়-৩ : প্রশিক্ষক বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-৩ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষনকালীন সময়ে দুজন প্রশিক্ষক থাকবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এদের মধ্যে একজন বহিরাগত প্রশিক্ষক এবং একজন অভ্যন্তরীন প্রশিক্ষক।
০১। বহিরাগত প্রশিক্ষক থাকবেন জনাব আ. ত. ম. আব্দুল্লাহেল বাকী
সহকারী পরিচালক (প্রশাসন), সিনিয়র সহকারী সচিব, আরপিএটিসি, রাজশাহী।
০২। অভ্যন্তরীন প্রশিক্ষক থাকবেন জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম,
সিনিয়র সিটেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
প্রশিক্ষক ও প্রশিক্ষনার্থীদের পত্র দিয়ে জানানোর জন্য সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো।
সেই সাথে উক্ত তারিখে প্রশিক্ষন কর্মশালায় অত্র বোর্ডের সচিব ও চেয়ারম্যান মহোদয়ের
উপস্থিতি সহ অবহিতকরণের অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়-৪ : দুটি স্বচ্ছ অভিযোগ বাক্স স্থাপন সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-৪ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সুষ্ঠু সুন্দর ও সেবাগ্রহিতার সুবিধার্থে দুটি স্বচ্ছ অভিযোগ বাক্স এই
বোর্ডের সর্বজন দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে। উক্ত বাক্সে দাখিলকৃত অভিযোগ যথাসময়ে
নিস্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে
সভার কাজ শেষ করেন।

জনাব মেরে বাদুল্লাহ হোসেন
আহ্মদক

অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জি. আর. এস.)
পরিচালনা কমিটি

ও
উপ-পরিচালক (হিনি):
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী